

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৩৮

আগরতলা, ৬ আগস্ট, ২০ ১৮

**সুস্থ ত্রিপুরা গড়তে যুব শক্তিকে শক্তিশালী
করার সংকল্প নিয়ে কাজ চলছে : মুখ্যমন্ত্রী**

বর্তমান রাজ্য সরকার নতুন ও শক্তিশালী ত্রিপুরা গড়ার সংকল্প নিয়ে কাজ করছে। তাই নতুন ত্রিপুরা গড়তে হলে প্রথমেই যুবশক্তিকে শক্তিশালী করতে হবে। কারণ তারাই নতুন ভবিষ্যৎ তৈরি করবে। আজ ভগৎ সিং যুব আবাসে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে থাইল্যান্ডে অনুষ্ঠিত স্টুডেন্টস ওলিম্পিক এশিয়ান গেমস-এ চ্যাম্পিয়ান অনুর্ধ্ব ১৭ ফুটবল দলকে সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি বলেন, থাইল্যান্ডে স্টুডেন্টস ওলিম্পিক এশিয়ান গেমস-এ বাংলাদেশ, পাকিস্তান, থাইল্যান্ড ও ভারত এই চারটি দেশ অংশগ্রহণ করে। ফাইনালে ভারত পাকিস্তানকে ৩-০ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ান হয়। ভারতের ফুটবল দলে আমাদের রাজ্যেরই ১০ জন খেলোয়াড় ছিলো। তাই ত্রিপুরার সঙ্গে সঙ্গে ভারতের নাম উজ্জ্বল করার জন্য এই ফুটবল দলকে ও কোচ উজ্জ্বল দেববর্মাকে ৩৭ লক্ষ ত্রিপুরাবাসীর পক্ষ থেকে অনেক ধন্যবাদ জানাই।

মুখ্যমন্ত্রী বলেন, সুস্থ থাকার জন্য খেলার চাহিতে বড় মাধ্যম আর কিছুই হতে পারে না। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং এডিসির ক্রীড়া বিভাগের সক্রিয়তায় রাজ্যে “খেলো ত্রিপুরা, সুস্থ থাকো ত্রিপুরা” শোগান সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে। আমাদের রাজ্যে বিশেষ করে জনজাতি যুবাদের মধ্যে ক্রীড়াক্ষেত্রে মেধাশক্তি রয়েছে। আমরা নতুন ত্রিপুরা গড়ার যে সংকল্প নিয়েছি তা তাদের এই মেধাশক্তির মাধ্যমেই বাস্তবায়ন হবে। আমাদের রাজ্য বিগত সরকারের আমলে দীর্ঘদিন যাবৎ ত্রিপুরার ভবিষ্যৎ যুবশক্তিকে বিনাশ করার জন্য বিভিন্ন নেশার দিকে ধাবিত করা হয়েছিলো। ফলে রাজ্যের মা-বোনদের বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে লাষ্টিত ও আক্রান্ত হতে হয়েছে। কিন্তু বর্তমান রাজ্য সরকার নিশ্চিত করেছে যুবসমাজকে কোনওভাবেই নেশার দিকে ধাবিত হতে দেবে না। পরিবর্তে তাদের ক্রীড়াক্ষেত্রের দিকে ধাবিত করার চেষ্টা করা হবে।

মুখ্যমন্ত্রী বলেন, সম্প্রতি দিল্লীতে কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী রাজ্যবর্ধন সিং রাঠোরের সঙ্গে দেখা করে ফুটবলে রাজ্যের মেধাশক্তি সম্পর্কে অবগত করা হয়েছে। কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রক রাজ্যের পানিসাগরে অ্যাথলেটিক ট্র্যাকের জন্য ৭ কোটি টাকা এবং সুইমিং পুলের জন্য ৫ কোটি টাকা বরাদ্দ করেছে। রাজ্য সরকার থাইল্যান্ডে আয়োজিত অনুর্ধ্ব ১৭ স্টুডেন্টস ওলিম্পিক এশিয়ান গেমস ফুটবল প্রতিযোগিতার সাফল্যকে সামনে রেখে সুস্থ ত্রিপুরা গড়ার স্বপ্নকে সফল করার জন্য ক্রীড়া দপ্তরকে উদ্যোগ নিতে আহ্বান জানান মুখ্যমন্ত্রী। পাশাপাশি রাজ্যের বিভিন্ন ব্লকে এবং ক্লাবে ফুটবল প্রতিযোগিতার আয়োজন করার জন্যও ক্রীড়া দপ্তরকে উদ্যোগ নিতে আহ্বান জানান মুখ্যমন্ত্রী। রাজ্য সরকার সর্বতোভাবে এই বিষয়ে ক্রীড়া দপ্তরকে সহযোগিতার হাত বাড়িয়ে দেবে বলে আশ্বাস দেন তিনি।

*** (২) ***

মুখ্যমন্ত্রী আরও বলেন, আমাদের পূর্ণ বিশ্বাস শুধু অনুর্ধ্ব ১৭ প্রতিযোগিতাই নয়, আগামী দিনে রাজ্যের ছেলে-মেয়েরা ওলিম্পিকে খেলার যোগ্যতাও অর্জন করবে। এজন্য তাদের উৎসাহিত করা দরকার। রাজ্য সরকার সেই দিশাতেই কাজ করছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব চ্যাম্পিয়ন দলের অধিনায়ক ও কোচের হাতে ক্রীড়া দপ্তরের পক্ষ থেকে এক লক্ষ টাকার চেক তুলে দেন। এছাড়াও প্রত্যেক ফুটবলারকে একটি করে ফুটবল প্রদান করা হয়।

অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা উদয়ন সিনহা। সংবর্ধনা অনুষ্ঠানে এছাড়াও উপস্থিতি ছিলেন এডিসির মুখ্য কার্যনির্বাহী আধিকারিক বলীন দেববর্মা, চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সন্তোষ সাহা এবং সমাজসেবী প্রতিমা ভৌমিক।
